

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮২৬

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - রাসূলুল্লাহ (সা.) -এর স্বভাব-চরিত্রের বর্ণনা

اَلْفصنْلُ التَّنِفْ (بَابٌ فِي أَخْلَاقِهِ وَشَمَائِلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم)

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ طَوِيلَ الصَّمْتِ. رَوَاهُ فِي «شرح السّنة»

حسن ، رواه البغوى فى شرح السنة (13 / 256 ح 3695 ، و فى الانوار فى شمائل النبى المختار بتحقيقى : 331) [و احمد (5 / 86 ، 105) و الترمذى (2850) و مسلم (2322 مختصرًا)] ـ

(صَحِيح)

বাংলা

৫৮২৬-[২৬] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) অধিক সময় নীরব থাকতেন। (শারহুস সুন্নাহ)

ফুটনোট

হাসান: শারহুস্ সুনাহ্ ৩৬৯৫, সহীহুল জামি ৪৮২২, মুসনাদে আহমাদ ২০৮২৯, শু'আবূল ঈমান ৯৩০, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৯২০, আল মু'জামুল আওসাত্ব ৭০৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (طَوِيلَ الصَّمْت) অর্থাৎ তিনি (সা.) অনেক সময় চুপ থাকতেন। কোন প্রয়োজন ছাড়া কথা বলতেন না। আর এ প্রসঙ্গে সহীহুল বুখারী ও সহীহ মুসলিমে একটি হাদীস বর্ণিত হয়েছে, তা হলো- "যে ব্যক্তি আল্লাহ ও



পরকালের প্রতি ঈমান রাখে সে যেন ভালো কথা বলে অথবা চুপ থাকে।" আবূ বকর সিদ্দীক (রাঃ) বলেন, আল্লাহর যিকর ছাড়া আমি যদি বোবা থাকতাম তাহলেই ভালো হত! (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন